১৯৯৯ সালের ২৬শে অক্টোবরে যাত্রা শুরু করে প্রিমিয়ার ব্যাংক অত্যন্ত সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রেখেছে। আপনাদের সকলের সহযোগিতা, আস্থা ও মূল্যবান পরামর্শ আমাদের এ অগ্রযাত্রায় পাথের হিসাবে ছিল যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আমরা বিশ্বাস করি। “সেবাই প্রথম” এই মূলমন্ত্রে দীক্ষিত হয়ে আমরা বাংলাদেশের ব্যাংকিং জগতে যে ঐতিহাসিক যাত্রা শুরু করেছিলাম তার পথ ধরে আমরা আজ অবধি অত্যন্ত সফল ও অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা উপহার দিয়ে চলেছি। ক্ষুদ্র বাণিজ্য থেকে শুরু করে বৃহৎ কর্পোরেট ব্যবসা সব খাতেই আমরা আমাদের ব্যাংকিং সেবা ছড়িয়ে দিয়েছি। বর্তমানে ১২টি এসএমই শাখাসহ ৯২টি শাখার মাধ্যমে আমরা সারাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি।

## ব্যাংকিং সেবার বহুমুখীকরণ

আমাদের প্রধান ব্যবসায়িক কর্মকাণ্ড হিসেবে চিহ্নিত খাতসমূহ হচ্ছে কর্পোরেট ও রিটেইল আমানত গ্রহণ, ঋণ বিতরণ, ট্রেড ফাইন্যান্স, প্রকল্প অর্থায়ন, লীজ ফাইন্যান্স, চলতি মূলধন ও অন্যান্য অর্থায়ন, দেশীয় ও আন্তর্জাতিক ক্রেডিট কার্ড সার্ভিস, অন্তর্মুখী রেমিটেন্স সেবা প্রভৃতি। প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি প্রিমিয়ার ব্যাংকের রয়েছে শাখায় ইসলামিক ব্যাংকিং সেবা। প্রিমিয়ার ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী কোম্পানী ‘প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ কোম্পানী লিঃ’ প্রতিষ্ঠার মাধ্যমে ব্রোকারেজ সেবা এবং পুঁজিবাজারে বিনিয়োগের জন্য মার্জিন লোন দিয়ে থাকে। অন্তর্মুখী বিদেশী রেমিটেন্স সেবাকে সহজ ও দ্রুততর করতে গত ২০১১ সাল থেকে লন্ডনে ‘প্রিমিয়ার মানি ট্রান্সফার কোম্পানী লিমিটেড’ নামে ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী কোম্পানী হিসেবে নিরন্তর সেবা প্রদান করে যাচ্ছে।

## পণ্য ও সেবা

পরিবর্তনশীল অর্থনীতি এবং গ্রাহকের চাহিদার দিকে লক্ষ্য রেখে প্রিমিয়ার ব্যাংক সবসময় নতুন পণ্য এবং সেবার দিকে মনোযোগ দিয়েছে। ২০১৪ সালে বিদ্যমান বাজার চাহিদার বিপরীতে একটি সম্পূর্ণ আধুনিক ব্যাংকিং পণ্য ও সেবার অঙ্গীকার নিয়ে আমরা রিটেইল ও এসএমই ব্যাংকিং ব্যবসাকে সম্প্রসারিত করেছি। সেবার মানোন্নয়নে আমরা কাজ করে চলেছি প্রতিনিয়ত। এটিএম সার্ভিসের মতো স্বয়ংক্রিয় পদ্ধতিতে ব্যাংকের কিছু বিকল্প ডেলিভেরি চ্যানেল রয়েছে। দ্রুত সেবা প্রদান, ঋণ প্রক্রিয়ার সময় হাস, অনলাইন জমা এবং রেমিট্যান্স প্রদান ছাড়াও আরও নানা ধরনের উন্নত সেবার মাধ্যমে আমরা ব্যাংকিং শিল্পে নিজেদেরকে অনন্য স্থানে নিয়ে এসেছি।

## আর্থিক মূল্যায়ন

দেশ এবং বিদেশের নানারকম চ্যালেঞ্জ সত্ত্বেও প্রিমিয়ার ব্যাংক সবধরনের ব্যাংকিং কার্যক্রমে প্রশংসনীয় প্রবৃদ্ধি অর্জন করেছে।

প্রবৃদ্ধি অর্জনের ধারা অব্যাহত রাখতে গত বছর প্রিমিয়ার ব্যাংক ব্যবসায় প্রসার, বহুমুখীকরণ এবং ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধিতে দৃষ্টি কেন্দ্রীভূত করে। ২০১৪ সাল শেষে ব্যাংকের কর পরবর্তী নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৮৭২.৩৫ মিলিয়ন টাকা, মোট সম্পদের পরিমাণ দাঁড়ায় ১১১৫৭৬.৪১ মিলিয়ন টাকা।

এই সময়ে মূল ব্যাংকিং নিয়ামকসমূহ ছিল উৎসাহব্যঞ্জক যার মধ্যে ইকুইটিটির উপর আয় (রিটার্ন অন ইকুইটি) ৯.৭৫% এবং সম্পদের উপর আয় (রিটার্ন অন অ্যাসেট) ০.৮৭% রেকর্ড করা হয়। ব্যাসেল-২ এ্যাকর্ড ও বাংলাদেশ ব্যাংক গাইডলাইন এ বর্ণিত মূলধন আবশ্যিকতার বিচারে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার অনুপাত ছিল ১৩.৩১%। মোট সম্পদের পর্যাণ্ড নগদ সম্পদ নিয়ে ব্যাংকের তারল্য স্থিতি ছিল সন্তোষজনক।

## পরিচালন আয়

ব্যাংকের মোট পরিচালন আয় ২০১৪ সালে ৫১৬৪.৭৫ মিলিয়ন টাকায় উন্নীত হয় যার মধ্যে বিনিয়োগ থেকে আয়ের পরিমাণ ছিল ১৯৬৬.৮৫ মিলিয়ন টাকা, নিট সুদ আয় হয় ১৯৩১.১২ মিলিয়ন টাকা। অন্যদিকে ব্যাংকের ফি ও কমিশন ভিত্তিক আয়ের পরিমাণ মোট পরিচালন আয়ের ১৬.৭৭% হিসেবে ৮৬৬.৪০ মিলিয়ন টাকায় লিপিবদ্ধ হয়।

## অন্যান্য আয়

২০১৪ সালে মোট অন্যান্য আয় রেকর্ড করা হয় ৪০০.৩৯ মিলিয়ন টাকা যা ২০১৩ সালে ছিল ৪৭৭.০০ মিলিয়ন টাকা যা অর্জিত হয় মূলত ব্যবসায়িক পরিধির বিস্তৃতি এবং বিবিধ কর্মকাণ্ডের মুনাফার প্রবৃদ্ধি থেকে যেমন: লকার সার্ভিস, টেলিফোন/ফ্যাক্সচার্জ, ব্রোকারেজ কার্যক্রম ইত্যাদি।

## পরিচালন ব্যয়


২০১৪ সালে ব্যাংকের পরিচালন ব্যয় ৩৩৪৬.৮৪ মিলিয়ন টাকা পূর্ববর্তী বছরের তুলনায় ৪৩৫.২৫ মিলিয়ন টাকা বেশি লক্ষ্য করা যায়। ব্যাংকের স্টাফদের ভাতা বাবদ ব্যয় ৯৬৯.৬৯ মিলিয়ন টাকা থেকে বেড়ে ২০১৪ সালে ১১৪১.৮৯ মিলিয়ন টাকায় উন্নীত হয় যার মধ্যে প্রধান বিবেচ্য বিষয় ছিল ভালো পারফরমারদের স্বীকৃতি ও পুরস্কার এবং ব্যবসায়িক প্রবৃদ্ধির সাথে সঙ্গতি রেখে মানব সম্পদের সম্প্রসারণ প্রভৃতি। অন্যান্য পরিচালন ব্যয়ের সাথে সম্পর্কযুক্ত বিষয়সমূহ হলো কার্যক্রমের গতি বৃদ্ধি করতে সিস্টেম উন্নতকরণ এবং গ্রাহক সেবার মানোন্নয়ন।

## সম্পদ

২০১৪ সালে মোট সম্পদের পরিমাণ ১১৫৭৬.৪১ মিলিয়ন টাকা যা ২০১৩ সালের উপর ২৫.৪২% প্রবৃদ্ধি নির্দেশ করে। ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে, ঋণ ও অগ্রিমের সাথে মোট সম্পদের অনুপাত ছিল ৬২.৭৯% যা ২০১৩ সালে ছিল ৫৮.৬১%। লোন হিসাবের উল্লেখিত বৃদ্ধির পিছনে প্রভাব রেখেছে কর্পোরেট ও এসএমই ক্রেডিট লাইনে বর্ধিত

অংশগ্রহণ, সিন্ডিকেশন ঋণ, দেশের বিভিন্ন খাতে ব্যবসায়িক সম্পর্কের সুদৃঢ়করণ, রিটেইল ও ভোক্তা ঋণ পণ্যের উৎকর্ষ ও আকর্ষণ ইত্যাদি।

### মোট সম্পদের শ্রেণীবিন্যাস



### দায়

ব্যাংকে গ্রাহকদের আমানত ব্যাপকভাবে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে দাঁড়ায় ৯০৭৫০.০৬ মিলিয়ন টাকা, ২০১৩ সালে এর পরিমাণ ছিল ৭৩৫১৬.৪৩ মিলিয়ন টাকা। সাক্ষরী কিংবা স্বল্প ব্যয়নির্ভর ডিপোজিট এর উপর অগ্রাধিকার দিয়ে ব্যবসায়ের প্রায় সকল খাত থেকেই আমরা ডিপোজিট সংগ্রহ করি। বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধা সহ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহে প্রিমিয়ার ব্যাংকের দায়ের পরিমাণ ছিল ৪১৪৬.৫৫ মিলিয়ন টাকা, ২০১৩ সালে এর পরিমাণ ছিল ৩০১৯.২৫ মিলিয়ন টাকা। ২০১৪ সাল শেষে ব্যাংকের মোট দায়ের শতকরা ৮৮.৪২ ভাগ ছিল গ্রাহক ডিপোজিট, ২০১৩-এ এর তুলনামূলক অনুপাত ছিল শতকরা ৯০.৯০ ভাগ।

### মূলধন শক্তি

২০১৪ সাল শেষে সংরক্ষিত আয় সহ ব্যাংকের ইকুইটির পরিমাণ দাঁড়ায় ৮৯৪৩.৩৭ মিলিয়ন টাকা। এই সময়ে মোট সম্পদের বিপরীতে ইকুইটির অনুপাত বজায় থাকে ৮.০২%।

প্রধানত ঋণ ঝুঁকি, কার্যক্রম উদ্ভূত ঝুঁকি এবং বাজার ঝুঁকির নিরীখে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতা ব্যাসেল-২ এর বিধিবদ্ধ ১০% এর উপরে সন্তোষজনক অবস্থানে থাকতে সক্ষম হয়। ব্যাংকের বলিষ্ঠ মূলধন পর্যাণ্ডতার প্রধান সহায়ক হিসেবে কাজ করেছে শক্ত মূলধন ভিত্তি, শ্রেণীকৃত সম্পদের নিম্ন হার যার বিপরীতে যথাযথ সংস্থান নিশ্চিত করা হয় এবং ব্যালেন্স শীট ও অফ ব্যালেন্স শীট হিসাবের রিস্ক প্রোফাইল ও সংরক্ষিত মূলধনের পরিমাণ নিম্নে উপস্থাপন করা হলঃ

### মূলধন পর্যাণ্ডতার বিস্তারিত বিবরণ


মিলিয়ন টাকায়

মূলধনের শ্রেণীবিভাগ	২০১৪	২০১৩
পরিশোধিত মূলধন	৫৬৩৭.০৩	৫,১২৪.৫৮
সংবিধিবদ্ধ আয়	২৫৩৬.৫৪	২,২৩৮.৮০
সংরক্ষিত আয়	৫৮৩.৭৯	৫২২.৪০
সাধারণ রিজার্ভ	-	-
ডিভিডেন্ড ইকুয়ালাইজেশন হিসাব	-	-
প্রস্তাবিত নগদ লভ্যাংশ	-	-
<b>মোট টায়ার-১ মূলধন</b>	<b>৮৭৫৭.৩৬</b>	<b>৭,৮৮৫.৮০</b>
ঝুঁকিভিত্তিক সম্পদের হার	১০.১৮%	১০.৫৫%
অশ্রেণীকৃত ঋণের জন্য সংস্থান	৪০৪.২১	৪০৪.২১
ব্যালেন্স শীট বহির্ভূত সাধারণ সঞ্চিতি	২২৫.৪৪	২২৫.৪৪
সিকিউরিটিজ পুনঃমূল্যায়ন রিজার্ভ	৭১.৯৬	২৯.০৪
সম্পদ পুনঃমূল্যায়ন রিজার্ভ	২০.৯৬	২০.৯৬
এক্সচেঞ্জ ইকুয়ালাইজেশন হিসাব	-	-
সার্বভিনেট বন্ড	২০০০	-
<b>মোট টায়ার-২ মূলধন</b>	<b>২৭২১.৮২</b>	<b>৬৭৯.৬৫</b>
ঝুঁকিভিত্তিক সম্পদের হার	৩.১৫%	০.৯১%
<b>মোট টায়ার-৩ মূলধন</b>	<b>-</b>	<b>-</b>
<b>মোট মূলধন</b>	<b>১১৪৭৯.২৬</b>	<b>৮,৫৬৫.৪৪</b>
মোট ঝুঁকিভিত্তিক সম্পদ	৮৬৩২১.৮	৭৪,৭৩৫.১০
<b>মূলধন পর্যাণ্ডতার অনুপাত</b>	<b>১৩.৩০%</b>	<b>১১.৪৬%</b>

### আমানত

ব্যাংকের পরিচালন দায়ের ভিত গড়ে তোলে আমানত। আমানত সংগ্রহের দিক থেকে ২০১৪ সাল ছিল প্রিমিয়ার ব্যাংকের জন্য একটি সফল বছর। এ সময় ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০১৩ সালের ৭৩৫১৬.৪৩ মিলিয়ন টাকা থেকে শতকরা ২৩.৪৪ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে রেকর্ড পরিমাণ ৯০৭৫০.০৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়। উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করতে আমাদের সম্মিলিত প্রচেষ্টা এই অর্জনকে সম্ভব করেছে। স্থায়ী বা মেয়াদী

### ব্যাংকের আমানত মিশ্রণ-২০১৪





আমানত, সঞ্চয়ী আমানত, বিভিন্ন সঞ্চয়ী প্রকল্প, স্বল্প মেয়াদী আমানত, প্রদেয় বিলের হিসাব, প্রভৃতি সুসংহত করেছে ব্যাংকের আমানতের মূল ভিত্তি। স্থায়ী আমানতের উপর আমাদের অত্যন্ত প্রতিযোগিতামূলক সুদের হার গ্রাহকদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করেছে যা স্পষ্টতই বিনিয়োগের উপর আমাদের সর্বোচ্চ প্রতিদানের অঙ্গীকারের প্রতিফলন। এছাড়াও ইসলামিক ব্যাংকিং শাখার আওতায় আমরা বিভিন্ন ডিপোজিট প্রোডাক্ট চালু করেছি।

## ঋণ পোর্টফোলিও

আমাদের ঋণ পোর্টফোলিও গড়ে উঠেছে কর্পোরেট, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং রিটেইল ব্যবসাকে ঘিরে যাকে ‘কোর ব্যাংকিং এভিনিউ’ হিসেবে চিহ্নিত করা হয়। আমাদের ঋণ ব্যবস্থাপনা প্রথাগত ও শরীয়াহ্ ব্যবস্থার উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। ব্যাংকের ঋণ কর্মকান্ড পরিচালিত হয় প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধানে। এ ক্ষেত্রে ঋঁকি বিশ্লেষণ, ঋণ বিতরণ ও সুষ্ঠু তদারকির স্বার্থে সুনির্দিষ্ট দায়িত্ব বন্টন করা হয়।

২০১৪ সালে ঋণ ও অগ্রিমের দিক থেকে শতকরা ৩২.৯৬ ভাগ প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়। এ সময় ২০১৩ সালের ৫২৬৯৭.১৩ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর পরিমাণ দাঁড়ায় ৭০০৬৩.৭২ মিলিয়ন টাকায়। এ বছর গ্রাহকদের কাছে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল মোট সম্পদের শতকরা ৬২.৭৯ ভাগ যা ২০১৩ সালে রেকর্ড করা হয় শতকরা ৫৯.২৪ ভাগ। এই সময় ব্যাংকের ঋণ আদায়ের হার ছিল যথেষ্ট আশাব্যঞ্জক এবং শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল মোট ঋণের শতকরা ৯ ভাগ। শিল্প, ব্যবসা, সেবা, প্রকৌশল ও নির্মাণসহ সকল অর্থনৈতিক কর্মকান্ডে প্রিমিয়ার ব্যাংকের ক্রেডিট পোর্টফোলিও বিস্তৃতি লাভ করেছে। ব্যাংকের বহুমুখী ঋণ ও অগ্রিমের মধ্যে রয়েছে প্রকল্প খাতে অর্থায়ন, রপ্তানী খাতে অর্থায়ন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঋণ, কমার্শিয়াল ক্রেডিট, চলমান ঋণ, কৃষি ঋণ, গৃহনির্মাণ ঋণ এবং স্টাফ লোন ইত্যাদি। ব্যাংক সম্পদের গুণগত মান বজায় রাখতে ঋণগ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা অবলম্বন করে থাকে যা সামগ্রিকভাবে একটি শক্তিশালী ঋণ কাঠামো গঠনে সহায়ক।

## কর্পোরেট ব্যবসা

প্রিমিয়ার ব্যাংকের ঋণ পোর্টফোলিওর অন্যতম প্রধান একটা অংশ হচ্ছে কর্পোরেট লোন। বড় এবং মাঝারি ধরনের কর্পোরেট ব্যবসাগুলোর জন্য আমাদের রয়েছে বিস্তৃত সেবা। প্রচলিত এবং ইসলামী শরীয়াহ্ মোতাবেক দুভাবেই আমরা কর্পোরেট অর্থায়ন করে থাকি। ট্রেড ফাইন্যান্সিং, এক্সপোর্ট ফাইন্যান্সিং, শিল্প ঋণ, প্রজেক্ট লোন, সিডিকেশন সব ক্ষেত্রেই আমরা দক্ষ ও আধুনিক সেবা দিয়ে যাচ্ছি।

## এসএমই ব্যাংকিং

সাম্প্রতিক সময়ে বিশ্বব্যাপী অর্থনৈতিক সংকটের মুখে প্রতিষ্ঠিত

আর্থিক প্রতিষ্ঠান সমূহের পতন ঋণ বহুমুখীকরণের প্রয়োজনীয়তাকে অবশ্যসম্ভাবী করে তুলেছে। এসএমই খাতে বিনিয়োগ ব্যাংকের পোর্টফোলিও ঋঁকি কমিয়ে আনতে ব্যাপকভাবে সাহায্য করে। ২০১৪ সালে প্রিমিয়ার ব্যাংকের এসএমই কর্মকান্ডে যথেষ্ট গতিশীলতা, সম্প্রসারণ এবং উৎপাদনমুখী তৎপরতা লক্ষ্য করা যায়। দেশ ব্যাপী মোট ৯২টি শাখার মাধ্যমে এ সেবা প্রদান করা হয়। এসএমই গ্রাহকদের দ্রুত ও অগ্রাধিকার ভিত্তিক সেবা প্রদান করার জন্য এই বিভাগকে অত্যন্ত দক্ষ ও পেশাদার জনশক্তি দিয়ে সুসংগঠিত করা হয়েছে। এসএমই ব্যবসাকে সম্প্রসারিত করতে ইতোমধ্যে একটি কার্যকর বাজেট প্রণয়ন করা হয়েছে। একটি কার্যকর এসএমই পলিসিসহ প্রোডাক্ট পলিসি গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। প্রিমিয়ার ব্যাংক ২০১৪ সালে কৃষি যন্ত্রপাতি, পশুখাদ্য, ক্ষুদ্র ব্যবসা, পশুপাখি পালন, দুগ্ধজাত পণ্য, ফল সংরক্ষণ প্রভৃতি খাতকে অত্যন্ত সম্ভাবনাময় বিবেচনা করে এসএমই ব্যবসার মূলকেন্দ্রবিন্দুতে পরিণত করতে দৃঢ় প্রতিজ্ঞ। ২০১৪ সাল শেষে এসএমই খাতে ব্যাংকের বকেয়া ঋণের পরিমাণ ছিল ১৬,৭৬৮.৯৮ মিলিয়ন টাকা যেখানে ঋণ সীমার পরিমাণ ২১,১০৯.৩৭ মিলিয়ন টাকা যা ব্যাংকের মোট ঋণ পোর্টফোলিও এর ২৪ শতাংশ। এসএমই খাতে অসামান্য অবদানের জন্য প্রিমিয়ার ব্যাংক ২০১৪ সালে এসএমই ব্যাংকিং এ্যাওয়ার্ড- ২০১৪ অর্জন করেছে যা পরবর্তী বছরগুলোতে এই খাতকে আরো গতিশীল করার প্রেরণা যোগাবে।

## রিটেইল ব্যাংকিং সেবা

২০১৪ সালে বিদ্যমান বাজার চাহিদার বিপরীতে একটি সম্পূর্ণ আধুনিক ব্যাংকিং পণ্য ও সেবার অঙ্গীকার নিয়ে আমরা রিটেইল ব্যাংকিং ব্যবসাকে টেলে সাজিয়ে সম্প্রসারিত করেছি। গ্রাহকদের যতবেশী সম্ভব আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে রিটেইল ব্যাংকিং ব্যবসাকে একটি “বিরতিহীন সেবা কেন্দ্র” হিসেবে আমরা গড়ে তুলতে চাই। এ বছরে রিটেইল ব্যাংকিং ব্যবসার সম্প্রসারণের লক্ষ্যে বেশ কয়েকটি ক্যাম্পেইনের আয়োজন, ডিরেক্ট সেলস্ টিম নিয়োগ এবং কয়েকটি নতুন আকর্ষণীয় ডিপোজিট ও লোন প্রোডাক্ট চালু করাসহ বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সর্বাধিক দক্ষতা ও উৎপাদনশীলতার সমন্বয়ে বিভিন্ন গ্রাহক শ্রেণীকে উন্নত সেবা প্রদানের কথা বিবেচনা করলে ২০১৪ সালকে রিটেইল ব্যবসার একটি সফল বছর বলা যেতে পারে।

## মহিলা উদ্যোক্তা

সমাজের পিছিয়ে পড়া নারীদের অর্থনৈতিক মুক্তিতে বিশেষ অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তাদের উৎসাহ প্রদান ও তাঁদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণকে ত্বরান্বিত করতে ব্যাংক Women Entrepreneur Finance এর আওতায় ঋণ প্রদান কর্মসূচী হাতে নিয়েছে। Women Entrepreneur Finance এর আওতায় ঋণ প্রদান কর্মসূচীর মূল উদ্দেশ্যগুলো হচ্ছে-

১. স্বনির্ভর নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক সহযোগিতা প্রদান।

২. নারী উদ্যোক্তাদের মধ্যে সঞ্চয়ী মনোভাব তৈরী ও ব্যাংকিং সেবার মাধ্যমে তাঁদেরকে সামাজিক কর্মকাণ্ডে অধিকতর সম্পৃক্ত করা।
৩. নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে নারীর ক্ষুদ্র উদ্যোগকে উৎসাহিত করা।
৪. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখা।

Women Entrepreneur Finance কার্যক্রমকে অর্থবহ করতে এবং নারী উদ্যোক্তাদের বিশেষ সেবা প্রদান করতে ব্যাংকের প্রতিটি শাখায় পৃথক ডেস্ক/কাউন্টার-এর ব্যবস্থা করা হচ্ছে। তাছাড়া ব্যাংকিং সুবিধা গ্রহণে নারীদের উৎসাহিত করতে “মহিলা শাখা” প্রতিষ্ঠার পরিকল্পনা আমাদের রয়েছে।

### ব্রোকারেজ অপারেশন/ মার্চেন্ট ব্যাংকিং

দেশের ক্রমবর্ধমান পুঁজিবাজারে শেয়ার ক্রয়-বিক্রয় ও লেনদেনে ব্যাংকিং সেবার অপরিহার্যতা মাথায় রেখে প্রিমিয়ার ব্যাংক ২০০৯ সালের শেষের দিকে ব্রোকারেজ কার্যক্রম শুরু করে। বর্তমানে “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড” নামক সাবসিডিয়ারী কোম্পানী প্রতিষ্ঠার মাধ্যমে ব্যাংক ব্রোকারেজ কার্যক্রম পরিচালনা করছে যা ব্যাংকের আয়ের একটি অন্যতম চালিকাশক্তি হিসেবে অবদান রাখছে।

পুঁজিবাজারে বিনিয়োগকারীকে সঠিক তথ্য ও পরামর্শ প্রদানের মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান নিশ্চিত করার জন্য দক্ষ ও অভিজ্ঞ পেশাজীবী ও বাজার বিশেষজ্ঞদের সমন্বয়ে “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড”-এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। আমাদের ব্রোকারেজ ব্যবসা পরিচালনার মূল উদ্দেশ্য হচ্ছে:

১. পুঁজিবাজারে শেয়ার ও সিকিউরিটিজ লেনদেন সহজতর করা।
২. শেয়ার লেনদেনের হিসাব নিকাশ ও নিরাপত্তা নিশ্চিত করা।
৩. প্রবাসী বাংলাদেশি ও বিদেশি বিনিয়োগকারীদের সহযোগিতা প্রদান করা।
৪. দেশের পুঁজিবাজারের উন্নয়নের স্বার্থে বিশ্লেষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
৫. পুঁজিবাজারের বিনিয়োগকারীদের ঋণ প্রদান করা।

তাছাড়া দেশের পুঁজিবাজারের উন্নয়নে সহায়ক ভূমিকা পালনের উদ্দেশ্যে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য একটি পৃথক সাবসিডিয়ারী কোম্পানী গঠন করা হয়েছে যা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু করবে। পুঁজিবাজারে বিনিয়োগকে উৎসাহিত করা ও নতুন নতুন কোম্পানীকে পুঁজিবাজারে সম্পৃক্ত করা ছাড়াও মার্চেন্ট ব্যাংক নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবে:

- ইস্যু ম্যানেজমেন্ট
- আন্ডাররাইটিং
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট
- মার্জার এবং অ্যাকুইজিশন
- সিন্ডিকেশন
- ব্রিজ ফাইন্যান্সিং

### লিজ ফিন্যান্স

লিজ ফাইন্যান্স ব্যাংকিং সেবা ও পণ্যের সহজপ্রাপ্যতা, সাবলীল বিতরণ ব্যবস্থা, সাধারণ জামানত পদ্ধতি, কর সুবিধা সহ নিজস্ব কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্যের কারণে অল্প সময়ে দেশের বৃহৎ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে খুবই জনপ্রিয়তা অর্জন করতে সক্ষম হয়েছে। দীর্ঘমেয়াদী ঋণ চাহিদা পূরণে লিজ ফাইন্যান্স গ্রাহকদের কাছে অত্যন্ত আকর্ষণীয় ও সুবিধাজনক একটি পণ্য। প্রিমিয়ার ব্যাংক মূলধনী যন্ত্রাংশ, চিকিৎসা সরঞ্জাম, অফিস সরঞ্জাম, ভারী নির্মাণ যন্ত্রাংশ, লিফট, এলিভেটর, জেনারেটর, এয়ার কন্ডিশনার, কৃষি নির্ভর শিল্পের যন্ত্রাংশ, সিএনজি ফিলিং স্টেশন, পরিবহন (যেমন বাস, মিনিবাস, ট্রাক, কার, পিক-আপ প্রভৃতি) খাতে লিজ অর্থায়ন সুবিধা দিয়ে থাকে।

### কৃষি বিনিয়োগ

খাদ্য উৎপাদন বৃদ্ধি করে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে এউচ-তে অবদান বৃদ্ধির জন্য সরকার কৃষি খাত আরও শক্তিশালী করার দিকে নজর দিয়েছে। বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে কৃষি ঋণ বিতরণ করার লক্ষ্য স্থির করেছে। এছাড়া সরকার এ ব্যাপারে আরো কিছু সহায়তামূলক নীতিমালা গ্রহণ করেছে। ২০১৪ সালে কৃষি খাতে আমরা সন্তোষজনক পরিমাণ ঋণ অনুমোদন ও বিতরণ করেছি।

### আন্তর্জাতিক বাণিজ্য

#### ট্রেড ফিন্যান্স

আমাদানী ও রপ্তানীতে বিনিয়োগের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্য ত্বরান্বিত করতে ব্যাংকগুলো বিশেষ ভূমিকা পালন করে থাকে। গত ২০০৮ সাল থেকে শুরু হওয়া বিশ্বব্যাপী অর্থনৈতিক মহামন্দা ও অস্থিরতা সত্ত্বেও, ২০১৪ সালে আমাদানী ও রপ্তানী বাণিজ্যে ব্যাংক সন্তোষজনক ও স্থিতিশীল অগ্রগতি অর্জন করেছে। ২০১৪ সালে প্রিমিয়ার ব্যাংক ৩৯,৭৭৭.০৬ মিলিয়ন টাকার আমাদানী বাণিজ্য এবং ৩১,৯৬২.১৯ মিলিয়ন টাকার রপ্তানী বাণিজ্য সম্পন্ন করে। ২০১৪ সালে ঋণপত্র খোলা হয় সর্বমোট ৮,৫৯২.৭৮ মিলিয়ন টাকার। আমাদানী ও রপ্তানী বাণিজ্যের ভিন্নমুখী চাহিদা পূরণের জন্য সুশিক্ষিত ও দক্ষ জনশক্তির সমন্বয়ে ব্যাংকের ১৭টি অথোরাইজড ডিলার শাখার মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে।



### করেসপন্ডেন্ট ব্যাংকিং

বৈদেশিক বানিজ্য লেনদেন সহজীকরণের লক্ষ্যে গত এক দশক ধরে আমাদের ব্যাংক বিশ্বব্যাপী বিভিন্ন বৈদেশিক সহযোগী ব্যাংকের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন করেছে। ৩১শে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বৈদেশিক করেসপন্ডেন্টের সংখ্যা ছিল ৪৯২টি যা বিশ্বের ৭১টি দেশে বিস্তৃত এবং ১০টি প্রধান প্রধান বৈদেশিক মুদ্রায় নফ্টো অ্যাকাউন্টের সংখ্যা ছিল ২১টি।

### অফ-শোর ব্যাংকিং

বেপজা এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে প্রিমিয়ার ব্যাংক বর্তমানে অফ-শোর ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। অফ-শোর ব্যাংকিং ব্যাংকের সামনে সম্ভাবনার নতুন দরজা উন্মোচন করে দিয়েছে। প্রবাসী বাংলাদেশী এবং বিদেশীরা অফ-শোর ব্যাংকিং ইউনিটে একাউন্ট খোলার ক্ষেত্রে অগ্রাধিকার ও বিশেষ সুবিধা পাচ্ছে। অফ-শোর ব্যাংকিং থেকে ব্যাংক ২০১৩ সালের পরিচালন মুনাফা ২১৯,৮১৯.০০ মার্কিন ডলারের বিপরীতে ২০১৪ সালে ব্যাপকভাবে বৃদ্ধি পেয়ে ৬৯৩,২৪৮.০০ মার্কিন ডলার অর্জন করতে সক্ষম হয়েছে যা গত বছরের তুলনায় ২১৬.০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

### রেমিট্যান্স সেবা

আমাদের দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থ বা রেমিট্যান্স একটি অপরিহার্য উপাদান হিসেবে গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। অর্থনীতিতে প্রবাসীদের অবদানের কথা বিবেচনা করে অন্তর্মুখী রেমিট্যান্স প্রবাহকে সহজতর করতে প্রিমিয়ার ব্যাংক সম্ভাব্য সবকিছুই করেছে এর অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর অবকাঠামোর মাধ্যমে। রেমিট্যান্স প্রবাহের গতিকে ত্বরান্বিত করতে ব্যাংকের নিজস্ব সফটওয়্যার ‘দ্রুতি’-র ব্যবহার সর্বজন প্রশংসিত। রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি করতে প্রিমিয়ার ব্যাংক বিশ্বব্যাপী বেশ কিছু রেমিট্যান্স পার্টনার বা এন্ডচঞ্জ কোম্পানীর সাথে দীর্ঘ মেয়াদী চুক্তি স্বাক্ষর করেছে। ফলশ্রুতিতে, দেশের প্রত্যন্ত অঞ্চলের গ্রাহকগণ ব্যাংকের রেমিট্যান্স নেটওয়ার্কের আওতায় চলে এসেছেন। ইতোমধ্যেই ব্যাংক স্থানীয় বিভিন্ন ব্যাংকের সাথে পারস্পরিক আদানপ্রদান ও সহযোগিতামূলক চুক্তি স্বাক্ষর করেছে দেশের যে কোন স্থানে রেমিট্যান্স ডেলিভারী স্বচ্ছন্দ ও সহজতর করতে। রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে যুক্তরাজ্যে “প্রিমিয়ার মানি ট্রান্সফার কোম্পানী লিঃ” নামে ব্যাংকের সম্পূর্ণ মালিকানাধীন একটি কোম্পানীর কার্যক্রম আমরা শুরু করতে সক্ষম হয়েছি।

২০১৪ সালে প্রিমিয়ার ব্যাংকের মোট রেমিট্যান্স প্রবাহ ২০১৩ সালের তুলনায় ৪৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং মোট লেনদেন বেড়েছে ৫৪ শতাংশ। রেমিট্যান্স সার্ভিসের আওতায় সুবিধাভোগী গ্রাহক বা বেনিফিশিয়ারীর কাছে সার্ভিস পৌঁছে দেয়া সম্ভব হয়েছে আমাদের সকল শাখার নিবেদিতপ্রাণ ব্যাংক অফিসারদের নিরলস প্রচেষ্টায়।

ন্যূনতম সময়ে রেমিট্যান্স গ্রাহকদের কাছে পৌঁছে দিতে আমরা রেমিটেন্স সার্ভিস সিস্টেমে আমূল পরিবর্তন আনতে যাচ্ছি যার ফলে রেমিট্যান্সের টাকা আসার সাথে সাথে বেনিফিশিয়ারীগণকে রেমিট্যান্স আপডেট জানানো সম্ভব হবে অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায়। এই বছরে প্রিমিয়ার ব্যাংক ১৫ সেপ্টেম্বর, ২০১৪ থেকে শুরু করে ১৪ নভেম্বর, ২০১৪ পর্যন্ত দুই মাস ব্যাপী প্রথমবারের মত রেমিটেন্স ক্যাম্পেইনের আয়োজন করে যা ব্যাংকের রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির অন্যতম কারণ।

### সবুজ ব্যাংকিং এবং অর্থায়ন

সবুজ ব্যাংকিং বলতে পরিবেশের জন্য ক্ষতিকর নয় বরং পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখে এমন আর্থিক এবং ব্যবসায়িক নীতিসমূহকে বোঝানো হয়। দায়িত্বপূর্ণ ভাবে সম্পদের যথাযথ ব্যবহার করে অপচয় এড়িয়ে চলাও সবুজ ব্যাংকিং এর অন্তর্ভুক্ত। প্রতিষ্ঠালগ্ন থেকে প্রিমিয়ার ব্যাংক ব্যয় কমিয়ে এবং অপচয়হ্রাসের মাধ্যমে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে পরিবেশ রক্ষায় সচেতনতার সাথে দায়িত্ব পালন করে আসছে। ২০১৪ সালে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী সবুজ ব্যাংকিংকে আরো বেশি গুরুত্ব দিতে একটি আলাদা সবুজ ব্যাংকিং সেল গঠন করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব শিল্পে অধিকতর বিনিয়োগের একটি পরিকল্পনা আমরা নিয়েছি।

### ট্রেজারী কার্যক্রম

বিশ্বমানের প্রতিযোগিতার সাথে সঙ্গতি রেখে প্রিমিয়ার ব্যাংকের ট্রেজারী বিভাগকে সুসজ্জিত করা হয়েছে অত্যাধুনিক প্রযুক্তির সুবিধা দিয়ে। আমাদের ডিলিং রুমটি সুইফট, রয়টার, অন-লাইন ডিলিং সিস্টেম, ইন্টারনেট, অর্থবাজার সংশ্লিষ্ট টিডি চ্যানেল, ভয়েস রেকর্ডার, ডিজিটাল ওয়ার্ল্ড টাইম ডিসপ্লে, প্রভৃতি আধুনিক সুযোগ সুবিধার সমন্বয়ে পরিচালিত হচ্ছে। আমাদের রয়েছে প্রশিক্ষণপ্রাপ্ত, দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন ব্যাংকার যারা আন্তঃব্যাংক লেনদেন এবং বৈদেশিক মুদ্রা বিনিময় বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। আমাদের ট্রেজারী কর্মকর্তাগণ CRR, SLR এর বাধ্যবাধকতা প্রতিপালনের পাশাপাশি ট্রেজারী বিল, ট্রেজারী বন্ড, রিপো, রিভার্স রিপো, কল ও টার্ম, ইত্যাদির ক্ষেত্রে উৎকৃষ্ট বিনিয়োগ পোর্টফোলিও রক্ষণাবেক্ষণ করে থাকে। ট্রেজারী বিভাগ ব্যাংকের ইনকাম পোর্টফোলিওতে সর্বাধিক হার/মুনাফা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এটি সব সময়ই প্রিমিয়ার ব্যাংকের মুনাফা অর্জনের একটি গুরুত্বপূর্ণ শাখা হিসেবে বিবেচিত। আলোচ্য ২০১৪ সালেও এই ধারাবাহিকতা বজায় রাখে ট্রেজারী বিভাগ। এ সময় মুদ্রা বাজার ও বৈদেশিক মুদ্রা বিনিময় কার্যক্রম থেকে ব্যাংকের মোট আয় হয় ১,৮১৬.৬০ মিলিয়ন টাকা যা গত বছরের চেয়ে বৃদ্ধি পেয়েছে ১৭.৮৫ শতাংশ। ট্রেজারী বিভাগ অত্যাধুনিক অন-লাইন সংযোগের মাধ্যমে আমাদের গ্রাহকদের দ্রুত ও উৎকৃষ্ট সেবা নিশ্চিত করতে সর্বদা নিয়োজিত। ডিলারগণ সর্বদা গ্রাহকদের অত্যন্ত প্রতিযোগিতাপূর্ণ ক্রস কারেন্সী স্পট, ফরওয়ার্ড ও সোয়াপ রেন্ট অফার করেন বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা ঝুঁকি ব্যবস্থাপনার সঙ্গে সঙ্গতি রেখে। লেনদেন লিপিবদ্ধকরণের লক্ষ্যে আমাদের রয়েছে পৃথক ব্যাক অফিস ও মিড অফিস।

## তথ্য প্রযুক্তি

বিশ্বব্যাপী প্রযুক্তিগত উন্নয়নের সাথে তাল মিলিয়ে প্রিমিয়ার ব্যাংক এর তথ্য প্রযুক্তি খাতের অবকাঠামোগত উন্নয়নে সদা সচেষ্ট। ২০১৪ সালের শুরু থেকেই আইটি নেটওয়ার্ক শক্তিশালীকরণ, গ্রাহক সেবার বহুমুখীকরণ ও মানোন্নয়ন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়নে তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার সুনিশ্চিতকল্পে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ডিজিটাল বিশ্বের স্বনামধন্য ও বহুল আলোচিত মাইক্রোসফট কর্পোরেশনের- এর সাথে প্রিমিয়ার ব্যাংকের একটি এন্টারপ্রাইজ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তির আওতায় আমাদের ব্যাংক মাইক্রোসফট এর বেশ কটি পণ্য যেমন- মাইক্রোসফট এক্সচেঞ্জ, ডোমেন কন্ট্রোলার, শেয়ার পয়েন্ট, এন্টি ভাইরাস, সিস্টেম সেন্টারসহ অপারেটিং সিস্টেমস সম্পর্কিত আরো অনেক সেবা গ্রহণের সুযোগ পাচ্ছে। ব্যাংকে সকল তথ্য, কর্মকাণ্ড ও সেবাকে সহজ, বহুমুখী, সুনিয়ন্ত্রিত ও সুরক্ষিত করতে প্রিমিয়ার ব্যাংকে সেন্ট্রালাইজড কোর ব্যাংকিং সফটওয়্যারের সাম্প্রতিক সংস্করণ BankUltimus Release-২ এর ব্যবহার নিশ্চিত করা হয়েছে। অত্যন্ত মেধাবী ও দক্ষ জনশক্তির সমন্বয়ে ব্যাংকের আইটি টিম গঠন করা হয়েছে - যাদের নিরন্তর প্রচেষ্টায় প্রথাগত ও প্রচলিত পদ্ধতিকে ক্রমান্বয়ে সরিয়ে ব্যাংকিং কর্মকাণ্ডে নতুন ও অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার সুনিশ্চিত করা সম্ভব হচ্ছে। ব্যাংকের কর্মকর্তাদের তথ্যপ্রযুক্তিতে প্রশিক্ষিত করার লক্ষ্যে তথ্যপ্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। আইটি ডিভিশনে আধুনিক প্রযুক্তির সুবিধা যুক্ত আলাদা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন

যে কোন কার্যক্রমের ত্রুটি থেকে যেমন ঝুঁকি সৃষ্টি হতে পারে তেমনি সঠিক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং নিরীক্ষার অভাব থেকে উদ্ভব হতে পারে বড় কোন অনিয়ম। এ ক্ষেত্রে ভাল নিয়ন্ত্রণ ব্যবস্থা পেশাদারিত্ব, দক্ষতা, আইনী বাধ্যবাধকতার প্রতিপালন, সঠিক রিপোর্টিং ব্যবস্থার উন্নয়ন এবং অনিয়ম প্রতিরোধের প্রয়োজনীয় ক্ষেত্র প্রস্তুত করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা শুধু নিয়মিত কর্ম সম্পাদনকেই নির্দেশ করে না বরং তা সম্পাদিত কর্মের যৌক্তিকতা ও সঠিকতাকে নিরূপণ করে। এই ধরনের নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা কর্মজীবনে দায়বদ্ধতা ও স্বচ্ছতার এক অনুকূল পরিবেশ তৈরি করে।

আধুনিক ব্যাংক ব্যবস্থাপনা এবং তদারকী মূলতঃ নিবন্ধ থাকে বিভিন্ন বিষয়ের ঝুঁকি ও এর নিয়ন্ত্রণের উপর। প্রিমিয়ার ব্যাংক সম্ভাব্য সব ধরনের ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য সমন্বিত ব্যবস্থা গ্রহণ করেছে। সম্প্রসারিত ঋণের বিপরীতে আগামী চ্যালেঞ্জগুলিকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঋণ ঝুঁকির প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তত্ত্বাবধানের জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা ডিভিশন। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা

বিভাগ, বোর্ড অডিট ডিভিশন, কেন্দ্রীয় পরিপালন ও নিয়ন্ত্রণ বিভাগ নিয়মিতভাবে বিভিন্ন শাখা নিরীক্ষা ও পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করে। তাছাড়া ডিপার্টমেন্ট কন্ট্রোল ফাংশন চেকলিস্ট, ত্রৈমাসিক কার্য বিবরণী, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট, প্রভৃতিকে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঝুঁকি মোকাবেলায় সুনিপুনভাবে প্রস্তুত করা হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা কার্যক্রম যথাযথভাবে চালানোর জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে।

প্রিমিয়ার ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগ ব্যাংক ব্যবস্থাপনার এক অবিচ্ছেদ্য অংশ এবং নিরাপদ ও সঠিক কার্যক্রমের ভিত্তিস্বরূপ। এই বিভাগের কর্মবিন্যাসকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যায়ঃ

১. কর্মভিত্তিক উদ্দেশ্য : কর্মদক্ষতা ত্বরান্বিতকরণ এবং কর্মসম্পূর্ণতার সক্রিয়করণ।
২. তথ্যভিত্তিক উদ্দেশ্য : আর্থিক ও ব্যবস্থাপনা তথ্যাবলীর নির্ভরযোগ্যতা ও যুগোপযোগিতা নিশ্চিতকরণ।
৩. প্রতিপালন উদ্দেশ্য : নিয়ন্ত্রণমূলক ও প্রায়োগিক আইনী কাঠামোর আনুগত্য প্রতিপালন।

আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগকে একজন উচ্চ পর্যায়ের এগ্রিকিউটিভ - এর নেতৃত্বে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে তৈরি করা হয়েছে। বিভাগীয় হেড এর প্রধান কর্মকাণ্ডের মধ্যে পড়ে ব্যাংকের নিরীক্ষা, পরিদর্শন ও মনিটরিং কার্যাবলীর সঠিক মূল্যায়ন এবং ঝুঁকি বিশ্লেষণ। এই বিভাগটি তিনটি সুনির্দিষ্ট ইউনিটে বিভক্ত করা হয়েছে - প্রতিপালন ইউনিট, মনিটরিং ইউনিট এবং নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট।

প্রতিপালন ইউনিট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতা নিশ্চিত করে। এই ইউনিটটি প্রধান নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং যে কোন বিধিসম্মত পরিবর্তন অন্যান্য বিভাগকে অবহিত করে। মনিটরিং ইউনিট ব্যাংক শাখায় যাবতীয় কার্যক্রমকে অবলোকন করে। কার্যক্রমের যে কোন বিচ্যুতি ধরা পড়লে তা তাৎক্ষণিকভাবে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের কাছে উপস্থাপনা করে। নিরীক্ষা ইউনিট সাধারণত নিয়মিত ও বিশেষ নিরীক্ষা কর্ম সম্পাদন করে।

অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ ব্যাংকের বিভিন্ন অপারেশনাল রিস্ক - এর মোকাবেলায় নিয়মিতভাবে ব্যবসায়িক কর্মক্রম পরিচালনায় ব্যাংকের নীতি, ম্যানুয়াল ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি না - তা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে থাকে। তাছাড়াও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়নের অবস্থাও নিরীক্ষা করে থাকে। ২০১৪ সালে অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ ব্যাংকের বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে সর্বমোট ৮০ বার বিশদ, ২০৫ বার বিশেষ (বিষয়ভিত্তিক) এবং ৯৪ বার আকস্মিক নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে ও বিভিন্ন অনিয়ম

দুরীকরণের সুপারিশসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের আইসিটি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি-না তাও ব্যাংকের আইটি অডিট বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে ৪২ বার নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে।

## কার্ড ব্যবসা

ক্রেডিট কার্ড যা “প্লাস্টিক মানি” হিসেবে খ্যাত, ব্যাংকিং জগতে এক যুগান্তকারী পরিবর্তন এনে দিয়েছে। যান্ত্রিকভাবে কার্যকর একটি প্লাস্টিক কার্ডের মাধ্যমে ঋণ সুবিধা একদিকে যেমন নিয়ে এসেছে সীমাহীন নমনীয়তা, অন্যদিকে দেশে এবং বিদেশে আধুনিক ব্যবসা বাণিজ্যে বৃদ্ধি করেছে গ্রহণযোগ্যতা। বাংলাদেশে ক্রেডিট কার্ডের বিকাশে প্রিমিয়ার ব্যাংক অগ্রদূতের ভূমিকা পালন করেছে। নিকট অতীতে ২০০৪ সালে আমাদের একটি সুখময় স্মৃতি রয়েছে যখন প্রিমিয়ার ব্যাংক দেশের প্রথম বাণিজ্যিক ব্যাংক হিসেবে ভিসা ইন্টারন্যাশনাল কর্তৃক ‘ভিসা ক্রেডিট কার্ড’ ইস্যুর অভাবিত গৌরব অর্জন করে। প্রিমিয়ার কার্ড ব্যাংকের আয়ের অন্যতম প্রধান স্বতন্ত্র উৎস হিসেবে কার্যক্রম পরিচালনা করেছে। ব্যাংকের ক্রেডিট কার্ড কার্যক্রম চরম উৎকর্ষতা লাভ করেছে অতি দ্রুত ও সহজে ব্যবহারযোগ্য এটিএম মেশিন প্রবর্তনের মাধ্যমে। যে কোন দেশী বা বিদেশী ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহারকারীগণ এটিএম এর স্বয়ংক্রিয় সুবিধা ভোগ করতে পারছেন। মাস্টারকার্ড এবং ভিসা ডেবিট কার্ড এর প্রচলন প্রিমিয়ার গ্রাহকদের সামনে এক নতুন দিগন্ত উন্মোচন করেছে। এটি আমাদের পরিশুদ্ধ ও আড়ম্বরপূর্ণ ব্যাংকিং সেবার দৃঢ় অঙ্গীকারের একটি বলা যেতে পারে। আমরা কার্ড মার্চেন্ট নেটওয়ার্ককে দ্রুত সম্প্রসারণ করছি বিকাশমান কার্ড ব্যবসার সাথে তাল মিলিয়ে।

২০১৪ সাল পর্যন্ত আমরা ২৯,৫০০ টি ক্রেডিট কার্ড এবং ৫৮,২৫২ টি ডেবিট কার্ড ইস্যু করতে সক্ষম হয়েছি - যা থেকে এ পর্যন্ত আমাদের আয় হয়েছে ১৬.৯৭ কোটি টাকা। এ পর্যন্ত প্রিমিয়ার ব্যাংক বিভিন্ন স্থানে মোট ১৪টি এটিএম মেশিন স্থাপন করতে সক্ষম হয়েছে। প্রিমিয়ার ব্যাংক সমস্ত চ্যালেঞ্জকে ছাপিয়ে কার্ড শিল্পের জগতে একটি শক্ত ভিত্তি স্থাপন করেছে। তাছাড়া প্রিমিয়ার ব্যাংকের কার্ড ব্যবসায় ভিসা প্রিপেইড ট্রাভেল কার্ড, প্রিমিয়ার হজ্জ কার্ড, ডেবিট এবং ক্রেডিট মাস্টার কার্ড সংযোজন আমাদের কার্ড ব্যবসায়কে নতুন উচ্চতায় উন্নীত করেছে। আমাদের ব্যাংকের স্পন্সরশীপে মিডল্যান্ড ব্যাংক ভিসা এর সহযোগী সদস্যপদ এবং লংকা বাংলা মাস্টারকার্ডের সদস্যপদ লাভ করেছে।

## ইসলামিক ব্যাংকিং

বিশ্ব অর্থনৈতিক মন্দার বিপরীতে ইসলামিক ব্যাংকিং শক্তিশালী প্রবৃদ্ধি অর্জন করেছে। মন্দ সম্পদে স্বল্প বিনিয়োগ এবং শরিয়াহ ভিত্তিক ব্যবসায়িক নীতির মাধ্যমে ইসলামিক ব্যাংকিং প্রতিষ্ঠানগুলো অর্থনৈতিক মন্দা থেকে নিজেদের রক্ষা করতে সক্ষম হয়। আমাদের ব্যবসায়িক সম্পদের একটি বড় অংশ আমরা ইসলামিক ব্যাংকিং এ স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছি।

বর্তমানে ঢাকার মহাখালী এবং সিলেটের লালদিঘীর পাড়- এই দুইটি ব্রাঞ্চ থেকে আমরা ইসলামিক ব্যাংকিং সেবা দিয়ে যাচ্ছি। কার্যক্রম শুরুর প্রথম থেকেই শাখা দুটি দ্রুত ব্যবসায়িক প্রবৃদ্ধি অর্জন করে চলেছে। ইসলামিক ব্যাংকিং নীতিমালা এবং এ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আমরা নিয়মিত শরীয়াহ আইন, ইসলামিক ব্যাংকিং নীতি, এবং ইসলামিক অর্থনীতির ওপর প্রশিক্ষণ এবং কর্মশালার আয়োজন করে চলেছি।

দেশের প্রখ্যাত ওলামা, অভিজ্ঞ ব্যাংকার এবং স্বনামধন্য অর্থনীতিবিদদের সমন্বয়ে গঠিত ১৩ (তের) সদস্য বিশিষ্ট শরীয়াহ সুপারভাইজরী কমিটি ব্যাংকের ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পর্যবেক্ষণ, তত্ত্বাবধান ও দিক-নির্দেশনা দিয়ে থাকেন। ২০১৪ সালে শরীয়াহ সুপারভাইজরী কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।

ইসলামিক ব্যাংকিং এ আমাদের পণ্য সমূহের মধ্যে রয়েছে:

- আল-ওয়াদিয়াহ চলতি হিসাব
- মুদারাভা সঞ্চয়ী আমানত হিসাব
- মুদারাভা স্বল্প মেয়াদী আমানত হিসাব
- মুদারাভা মেয়াদী আমানত প্রাপ্তি হিসাব
- মুদারাভা মাসিক সঞ্চয় প্রকল্প
- মুদারাভা মাসিক আয় প্রকল্প
- মুদারাভা শিক্ষা সঞ্চয় প্রকল্প
- মুদারাভা বিশেষ সঞ্চয় প্রকল্প
- মুদারাভা ডাবল বেনিফিট প্রকল্প
- মুদারাভা হজ্জ সঞ্চয় প্রকল্প
- মুদারাভা বৈদেশিক মুদা আমানত হিসাব
- মুদারাভা এক্সেল সঞ্চয় প্রকল্প
- মুদারাভা এসটীম সঞ্চয় প্রকল্প

ইসলামিক ব্যাংকিং এর অধীনে আমাদের বিনিয়োগ সেবার মধ্যে রয়েছে

- গ্রাহক বিনিয়োগ প্রকল্প
- আবাসন/অ্যাপার্টমেন্ট বিনিয়োগ
- চিকিৎসক বিনিয়োগ প্রকল্প
- গ্রামীণ বিনিয়োগ প্রকল্প
- এসএমই বিনিয়োগ প্রকল্প
- শিক্ষা বিনিয়োগ প্রকল্প
- মহিলা উদ্যোক্তা বিনিয়োগ প্রকল্প
- লীজ ফিন্যান্স
- প্রজেক্ট/বানিজ্যিক বিনিয়োগ প্রকল্প

## মানব সম্পদ ব্যবস্থাপনা

উন্নত মানব সম্পদের সঙ্গে কর্পোরেট সক্রিয়তা বা গতিশীলতার গভীর সম্পর্ক রয়েছে। এ উপলব্ধিকে সামনে রেখে প্রিমিয়ার ব্যাংক মানব সম্পদের ধারাবাহিক উন্নয়ন ঘটিয়ে চলেছে। মানবসম্পদ উন্নয়নের স্বার্থে আমাদের রয়েছে নিয়োগ বিধিমালা, চাকুরীর নিয়মবিধি এবং সকল পর্যায়ের জনবলের জন্য রয়েছে আকর্ষণীয় প্রতিদান প্যাকেজ। শুরু থেকে ব্যাংক অত্যন্ত মেধাবী পেশাদার জনশক্তিকে নিয়োজিত করেছে ব্যাংকিং কার্যক্রমে-

ক্রমবর্ধমান প্রতিযোগিতার মুখে একটি নিপুন টিমওয়ার্ক গঠনের অভিপ্রায় নিয়ে। সারাদেশে ব্যাংকের প্রধান কার্যালয়সহ ৯২টি শাখায় মোট ১৩৯৯ জন কর্মকর্তা ব্যাংকিং সেবায় নিয়োজিত। অর্থনীতিতে উন্নয়নের অংশীদার হিসেবে প্রিমিয়ার ব্যাংক শুধু আর্থিক সেবাই প্রদান করে না, একই সঙ্গে জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা বিস্তারে সমান ভূমিকা পালন করে এ সত্য সামনে রেখে আমরা সারা বছর ধরে ট্রেনিং প্রোগ্রামের ব্যস্ততম শিডিউলের মাধ্যমে মানবসম্পদের ধারাবাহিক উন্নয়ন ঘটিয়ে থাকি। ব্যাসেল-২ অ্যাকর্ড বাস্তবায়নের পথে সুদূরপ্রসারী পদক্ষেপ গ্রহণ করেছে প্রিমিয়ার ব্যাংক। এই পরিকল্পনার অংশ হিসেবে আমরা বেশ কিছু ব্যাংক প্রতিনিধির বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করেছি বিশ্ব্যত দেশী - বিদেশী ট্রেনিং ইনস্টিটিউটে।

আমরা আমাদের কর্মকর্তা/কর্মচারীদের মাঝে পারস্পরিক যোগাযোগ ও ভাবের আদান প্রদানকে অনুপ্রাণিত করি। এতে করে স্বকীয় চেতনার উন্মেষ ঘটে এবং প্রাতিষ্ঠানিক বন্ধন আরো দৃঢ় হয়। তাঁদের দায়িত্ববোধ বৃদ্ধি পায়। ফলে সামগ্রিকভাবে ব্যাংক সম্পর্কে পারস্পরিক বোঝাপড়া আরো গভীর হয়।

### কর্পোরেট ব্যাংকিং ব্যবসা

আমাদের কর্পোরেট ব্যবসাসমূহ আমাদের বিভিন্ন শাখার পাশাপাশি প্রধান কার্যালয়ে অবস্থিত কর্পোরেট ব্যাংকিং ডিভিশন কর্পোরেট ব্যবসা সম্প্রসারণের কাজ করে থাকে। কর্পোরেট ব্যাংকিং ডিভিশন পারস্পরিক সম্পর্কযুক্ত লেনদেনভিত্তিক সংস্কৃতির আলোকে বিপণনের সম্ভাব্য ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে। একই সঙ্গে একটি প্রাসঙ্গিক লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং তা অর্জনে একটি মানানসই পরিকল্পনা প্রণয়ন করে থাকে। প্রিমিয়ার ব্যাংক সব সময় সেবার উৎকর্ষতা ও সৃজনশীলতার প্রতি লক্ষ্য রেখে দেশের অর্থনৈতিক ক্ষেত্রে একটি টেকসই উন্নয়ন ঘটাতে ও পারস্পরিক উপযোগিতার ভিত্তিতে গ্রাহকসম্পর্ক গড়ে বন্ধপরিষ্কার। এই ধারাবাহিকতায় কর্পোরেট ব্যাংকিং ডিভিশন একটি ডাইভার্সিফায়েড অ্যাসেট পোর্টফোলিও গড়ে তুলতে প্রয়োজনীয় কৌশল গ্রহণ করে। নীতি ও নৈতিকতার সমন্বয়ে কর্পোরেট কালচার গড়ার অভিপ্রায় নিয়ে এই বিভাগ ব্যাংক ব্যবস্থাপনার মূলনীতিসমূহ অনুসরণ করে যা আমাদের প্রতিষ্ঠানের সামগ্রিক কল্যাণ ও উন্নয়ন সহায়ক হিসেবে পরিগণিত। এর বাইরে কার্যকর ব্যয়সাশ্রয়ী সেবা নিশ্চিত করতে নীতি প্রণয়ন করে থাকে আমাদের কর্পোরেট ব্যাংকিং।

কর্পোরেট ব্যাংকিং ডিভিশন ব্যাংকের অনেক গতিশীল কর্মকাণ্ডের সাথে জড়িত। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বিভিন্ন বাণিজ্য মেলায় অংশগ্রহণ, সামাজিক দায়িত্ব পালন, গবেষণা ও উন্নয়ন, কর্পোরেট চুক্তি স্বাক্ষর, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি। অধিকন্তু প্রাথমিকভাবে ব্যাংকের সকল আর্থিক সেবা ও পণ্যের পরিকল্পনা, রূপায়ন ও বিপণন করে থাকে এই বিভাগ।

### কোম্পানী সুশাসন

কর্পোরেট সুশাসন বিশ্বাস ও আস্থার সমন্বয়ে পেশাদারিত্ব প্রতিষ্ঠা

করার পাশাপাশি প্রতিযোগিতামূলক বাজারের চ্যালেঞ্জ ও ঝুঁকি মোকাবেলায় ব্যবসায়িক দক্ষতা ও যোগ্যতার উন্নয়ন ঘটায় এবং তা কার্যকর করতে একটি উপযোগী কর্মপরবেশ সৃষ্টি করে। প্রিমিয়ার ব্যাংক সূচনা থেকেই ব্যবসায়িক কর্মকাণ্ডের সকল স্তরে নিরবচ্ছিন্নভাবে সুশাসনের অনুশীলন নিশ্চিত করেছে। ব্যাংকের গতিশীল পরিচালনা পর্ষদ (Board of Directors) ব্যবসার লক্ষ্যমাত্রা নির্ধারণ, নীতি প্রণয়ন, কৌশলগত পরিকল্পনা গ্রহণ, সকল ব্যবসায়িক কর্মকাণ্ড পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা কার্যকলাপ তত্ত্বাবধান, প্রভৃতি অত্যন্ত সুচারু ও দক্ষতার সাথে পালন করেছে। প্রধান কার্যালয়স্থিত ম্যানেজমেন্ট কমিটি যে কোন পরিস্থিতিতে নিশ্চিত করে যে ব্যাংকের যাবতীয় কর্মকাণ্ড সর্বোচ্চ নৈতিক আদর্শে অনুপ্রাণিত এবং তা সম্মানিত শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে সংঘটিত। ব্যাংকের আন্তর্গোষ্ঠীগত সমন্বয় ও কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয় এবং এর কর্মপ্রবাহ ও দায়িত্ব সুনির্দিষ্ট। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগ ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা ও তদারকি পরিচালনা করে থাকে এবং সরাসরি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও বোর্ড অডিট কমিটিকে অবহিত করে। বিভিন্ন কমিটি প্রচলিত ব্যাংকিং প্রবিধানের মধ্য থেকে তাঁদের কার্যক্ষমতা প্রয়োগ করে থাকে।

### পরিচালনা পর্ষদ

বর্তমানে চেয়ারম্যানের অধীনে একজন স্বতন্ত্র পরিচালকসহ ১১ (এগারো) জন পরিচালক নিয়ে পরিচালনা পর্ষদ কাজ করে যাচ্ছে। পর্ষদ যেন তার দায়িত্ব সঠিকভাবে পালন করে সে ব্যাপারে চেয়ারম্যান সর্বদা লক্ষ্য রাখেন। কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের ভোটে পরিচালনা পর্ষদের সদস্যরা নির্বাচিত হন। ব্যাংক কোম্পানীর নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, অভ্যন্তরীণ নিরীক্ষা ও তা পরিপালন করার অভিপ্রায়ে প্রিমিয়ার ব্যাংকের সুদক্ষ পরিচালনা পর্ষদ কাজ করে যাচ্ছে।

### নির্বাহী কমিটি

পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠানের মধ্যবর্তী সময়কালে জরুরী এবং দৈনন্দিন বা রুটিন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে পর্ষদের অত্যন্ত দক্ষ ও নিষ্ঠাবান ৬ সদস্য সমন্বয়ে নির্বাহী কমিটি গঠিত। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ কিংবা অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানে যে সব দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সুনির্দিষ্টভাবে পূর্ণাঙ্গ পর্ষদের ওপর ন্যস্ত করা আছে সে সব ক্ষেত্র ব্যতীত পর্ষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য সব ক্ষেত্রে নির্বাহী কমিটি দায়িত্ব পালন ও সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তীতে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পর্ষদ সভায় অনুসমর্থন করে নেয়া হয়।

### বোর্ড অডিট কমিটি

বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান ও নির্দেশাবলী অনুসারে বোর্ড অডিট কমিটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ার হোল্ডার, আমানতকারী ও স্টক হোল্ডারদের সাথে একটি স্থায়ী বন্ধন





প্রতিষ্ঠার লক্ষ্যে একটি দক্ষ, শক্তিশালী ও নিরাপদ ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি গড়ে তোলে। বোর্ড অডিট কমিটি পালনীয় কর্তব্যের অংশ হিসেবে ব্যাংকিং কার্যক্রম থেকে উদ্ভূত বিভিন্ন ঝুঁকি নিয়ন্ত্রণ করে, ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়াকে সহজতর করে, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে শক্তিশালী করে এবং একটি সুশৃঙ্খল ব্যাংকিং কার্যক্রম প্রতিষ্ঠার জন্য অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের মাঝে সেতুবন্ধন হিসেবে কাজ করে। বিশ্বায়নের এ যুগে অপরিণীম বাজার সঞ্চাবনা ও তীব্র প্রতিযোগিতার মাঝে অত্যাধুনিক ইলেক্ট্রনিক ও তথ্যপ্রযুক্তির বহুল ব্যবহার, লেনদেনের জটিলতা বৃদ্ধি ও আন্তর্জাতিক পরিসরে বিভিন্ন নিয়ন্ত্রণমূলক নীতি-পদ্ধতির বাধ্যবাধ্যকতায় অডিট কমিটির কার্যক্রমের ব্যাপ্তি বৃদ্ধি পেয়েছে অনেক গুণ।

দেশীয় ও আন্তর্জাতিক পরিসরে নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থার উৎকৃষ্ট রীতি অনুযায়ী কমিটির চেয়ারম্যান হিসেবে পরিচালনা পর্ষদের একজন স্বতন্ত্র পরিচালকসহ দক্ষ সদস্যদের সমন্বয়ে প্রিমিয়ার ব্যাংকের বোর্ড অডিট কমিটি গঠিত। কমিটির সদস্যগণ তিন বৎসরের জন্য নির্বাচিত হয়ে থাকেন। অডিট কমিটির কার্যক্রমের সঠিক দিকনির্দেশনা ও তত্ত্বাবধানের জন্য বোর্ড কর্তৃক একজন চেয়ারম্যান মনোনীত করা হয়। বিভিন্ন নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিরীক্ষা পত্রের খুঁটিনাটি যাচাই করতে অডিট কমিটি নিয়মিতভাবে সভার আয়োজন করে। প্রতিটি সভায় কমিটি ব্যাংকের সামগ্রিক কার্যক্রম পর্যালোচনা করে যাতে ব্যাংকে একটি অনুকূল পরিপালন মূল্যবোধের সৃষ্টি করা যায়। যে কোন সম্ভাব্য ঝুঁকি থেকে ব্যাংককে নিরাপদ রাখতে অডিট কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। সেই সাথে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় বিভিন্ন স্বার্থগত দ্বন্দ্ব সন্দেহমূলক বা অনূমিত জালিয়াতি, অনিয়ম বা মুখ্য পরিবর্তন, কোন আইন লঙ্ঘন কিংবা যে কোন বিষয় যা বোর্ডের নিকট প্রকাশযোগ্য, ইত্যাদি সম্পর্কিত রিপোর্ট পরিচালনা পর্ষদের কাছে পেশ করে থাকে।

### ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

ব্যাংক কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ও সম্ভাব্য ঝুঁকি হ্রাসে কার্যকর ভূমিকা পালন এবং এ সংক্রান্ত পরিচালনা পর্ষদের দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে ২০১৪ সালে পর্ষদের ৬ সদস্যবিশিষ্ট একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়

### ব্যবস্থাপনা কমিটি

সফল ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরবচ্ছিন্ন মনিটরিং ব্যবস্থা নিশ্চিতকল্পে প্রিমিয়ার ব্যাংক দক্ষ ও যোগ্য ব্যবস্থাপনা সদস্যবৃন্দের সমন্বয়ে গড়ে তুলেছে কতিপয় কমিটি। উল্লেখযোগ্য কমিটিগুলো হচ্ছে ম্যানেজমেন্ট কমিটি, ক্রেডিট কমিটি, এসএমই ক্রেডিট কমিটি,

অ্যাসেট-লায়বিলিটি কমিটি, আইসিটি ম্যানেজমেন্ট কমিটি, ইন্সট্রিটি কমিটি ইত্যাদি। ব্যবস্থাপনা কার্যক্রমে ব্যবস্থাপনা পরিচালককে সহযোগিতা করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, এসইডিপি, ইডিপি, এসডিপি, ডিপি, এফডিপি এবং অন্যান্য নির্বাহীবৃন্দ। ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ড পরিচালিত হয় আধুনিক ব্যাংকিং - এ পারদর্শী এ সব অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ব্যাংকারদের মাধ্যমে। প্রধান কার্যালয়ের ম্যানেজমেন্ট কমিটি সংশ্লিষ্ট বিষয়গুলোকে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে তা বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করে ইসি/বোর্ড এর কাছে। এর পাশাপাশি প্রিমিয়ার ব্যাংক শাখা পর্যায়ে প্রতিষ্ঠা করেছে “ব্রাঞ্চ ম্যানেজমেন্ট কমিটি”। এর প্রধান লক্ষ্য হচ্ছে ব্যাংকের সকল শাখায় স্বচ্ছন্দ কার্যক্রম বজায় রাখা ও অধিকতর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা। এই পদক্ষেপসমূহ প্রধান কার্যালয় ও শাখাগুলিতে বয়ে এনেছে গতিশীলতা, দায়িত্বে সম্পৃক্ততা এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতির উন্নয়ন।

### ঝুঁকি ব্যবস্থাপনা

ঝুঁকি ব্যবস্থাপনা প্রিমিয়ার ব্যাংকে সর্বদাই রক্ষণশীল এবং স্বপ্রনোদিত কর্মকাণ্ড হিসেবে দেখা হয়েছে যার মূল উদ্দেশ্য হচ্ছে রিস্ক এবং রিটার্নের মধ্যে একটি সুসম্পর্ক তৈরী করা। আর এই উদ্দেশ্য সফল করতেই প্রিমিয়ার ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ নিরলস প্রচেষ্টা করে চলেছে। দীর্ঘ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রিমিয়ার ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনাকে চেলে সাজিয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনাকে নিয়ন্ত্রণমূলক বিধিবিধানের চেয়ে কর্পোরেট সংস্কৃতি হিসেবে বেশি মূল্যায়ন করা হয়। ঝুঁকি ব্যবস্থাপনা একটি প্রতিষ্ঠানের সকল অংশে আদর্শ ও উন্নত অনুশীলন ব্যবস্থা বিস্তৃত করে। এ ক্ষেত্রে ব্যাংক শেয়ারহোল্ডারদের যথাযথ মূল্য এবং কর্পোরেট কৌশলের উন্নয়নকে ধারণ করতে একটি সঙ্গতিপূর্ণ ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো তৈরি করেছে। এর পরও ঋণ ঝুঁকি, তারল্য ঝুঁকি, বাজার ঝুঁকি, সুনাম ঝুঁকি, প্রভৃতির মত সম্ভাব্য ঝুঁকিকে অস্বীকার করা যায় না মোটেই। বিশ্বব্যাপী বর্তমান আর্থিক সংকটের প্রেক্ষাপটে ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়নকে এখন সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ তৈরি করা হয়েছে। এই বিভাগ অন্য ব্যবসায় বিভাগগুলো থেকে সম্পূর্ণ আলাদাভাবে ঝুঁকি বিশ্লেষণের কাজ করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সাহায্য করে। ব্যবসায় ইউনিট এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মধ্যে আলোচনার মাধ্যমে ঝুঁকি এবং মুনাফার প্রয়োজনীয় ভারসাম্য বজায় রাখাকে ব্যাংক সবসময় প্রাধান্য দিয়ে এসেছে।

### ঋণ ঝুঁকি

সম্প্রসারিত ঋণের বিপরীতে আগামী চ্যালেঞ্জগুলিকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঋণ ঝুঁকির প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। আমাদের ঝুঁকি কৌশলের প্রধান বৈশিষ্ট্য হিসেবে আমরা ঋণ বিপণনকে ঋণ প্রশাসন থেকে সম্পূর্ণ পৃথক করেছি।

ঋণ প্রশাসন বিভাগ অনুমোদিত ঋণগুলোর ক্ষেত্রে বিভিন্ন শর্ত ও নির্দেশনা পরিপালন তদারকী করে। বিদ্যমান ও সম্ভাব্য গ্রাহকদের সঠিক মূল্যায়নের জন্য ক্রেডিট রিস্ক থ্রেডিং গাইডলাইনস্ প্রণয়ন করা হয়েছে। দেশে ও বাইরে ঋঁকির পরিবর্তিত প্রেক্ষাপটে মানব সম্পদের যথাযথ উন্নতিসাধন নতুন আলোকে বিবেচিত হচ্ছে। অদৃষ্ট এবং সম্ভাব্য ঋঁকি মোকাবেলায় এটিকে উৎকৃষ্ট ঢাল বলা যেতে পারে।

অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তত্ত্বাবধানের জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঋঁকি ব্যবস্থাপনা বিভাগ। শ্রেণীকৃত হিসাব সমূহকে নিয়মিতকরণে ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নীতিমালা পুরোপুরি অনুসরণ করে। নিয়মিত ব্যবস্থানে নিষ্ক্রিয় ঋণ সমূহকে নিরীক্ষণ করে তার বিবরণী বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়। এ ছাড়াও প্রতি ত্রৈমাসিকে ব্যাংকের পরিচালনা পর্ষদ শ্রেণীকৃত ঋণ বিষয়ে বিভিন্ন কার্যক্রম রিভিউ করে। ব্যাংক শ্রেণীকৃত ঋণ আদায়ে যথেষ্ট তৎপর। এ ব্যাপারে আইনী প্রক্রিয়া কিংবা গ্রাহকের সঙ্গে ফলপ্রসূ আপসের ভিত্তিতে অনাদায়ী ঋণ নিষ্পত্তি করা হয়। আমাদের যত্নশীল ঋণ মনিটরিং ব্যবস্থা এবং বিরতিহীন ঋঁকি ব্যবস্থাপনা ব্যাংক সম্পদের উৎকর্ষ সাধনে এক গতিময় পরিবর্তন এনে দিয়েছে।

#### আইনী ঋঁকি

ব্যাংকের নিজস্ব আইনজ্ঞ ঋঁকি পাশাপাশি মঞ্জুরীকৃত ঋঁকের বিপরীতে প্রদত্ত শর্তগুলো প্রয়োগের ঋঁকি যথাযথভাবে বিশ্লেষণ করে পরামর্শ প্রদান ও প্রয়োজনে আইনী ব্যবস্থা গ্রহণ করে।

#### তারল্য ঋঁকি

সম্পদ ও দায়ের ম্যচারিটি জনিত অমিল থেকে উদ্ভূত ঋঁকি কে তারল্য ঋঁকি বলা হয়। তারল্য ঋঁকি ব্যবস্থাপনার মাধ্যমে সর্বদাই ব্যাংকের প্রয়োজনীয় অর্থ সঠিক সময়ে যোগান দেয়া ব্যবস্থাপনার দায়িত্ব। এ জন্য প্রিমিয়ার ব্যাংকে বিভিন্ন প্রাতিষ্ঠানিক, রিটেইল এবং কর্পোরেট আমানতের সমন্বয়ে একটি বৈচিত্রময় ও স্থায়ী তহবিল ব্যবস্থা বজায় রাখা হয়। প্রয়োজনীয় তহবিল সরবরাহের জন্য ব্যাংক পর্যাণ্ড তারল সম্পদ মজুদ রাখে। তারল্য ঋঁকি ব্যবস্থাপনার প্রধান দায়িত্ব পালন করে আমাদের ট্রেজারি ডিভিশন। ব্যাংকের ট্রেজারি তারল্য বেজকে শক্তিশালী করে ঐতিহাসিক আবশ্যিকতা, চলতি তারল্য স্থিতি, প্রত্যাশিত সম্পদ প্রকৃতি, বর্তমান ও ভবিষ্যৎ উপার্জন ক্ষমতা এবং পরিকল্পিত মূলধন কাঠামোর উপর ভিত্তি করে। অ্যাসেট লায়াবিলিটি কমিটি কর্তৃক তারল্য ব্যবস্থাপনা সঠিকভাবে সম্পাদন করা হয় (ক) ক্রমবর্ধিষ্ণু ক্যাশ ফ্লো মিসম্যাচের একটি সহনীয় সীমা নিধারণ করে (খ) ঋণ-আমানতের অনুপাত নির্দিষ্ট করে (গ) দুর্বল প্রাতিষ্ঠানিক আমানতের নির্ভরতা ভারসাম্য করে।

২০১৪ সালের ৩১শে ডিসেম্বরে ব্যাংকের তারল সম্পদ এবং মোট সম্পদের অনুপাত দাড়িয়েছে ১৯.২৯% যা সম্ভাব্য তহবিল চাহিদার বিপরীতে যথেষ্ট। অ্যাসেট লায়াবিলিটি কমিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে নিয়মিত বৈঠক করে এবং পরিস্থিতি অনুযায়ী তারল সম্পদের সরবরাহ নিশ্চিত করতে কৌশল নির্ধারণ করেন।

#### সুদের/লাভের হার ঋঁকি

ব্যাংকের অন-ব্যালাঞ্জশিট এবং অফ-ব্যালাঞ্জশিট বিষয়গুলোর পুনর্গঠন্যস ও সমন্বয় করার সাথে সাথে দায় ও সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা প্রক্রিয়ার মাধ্যমে সুদের/লাভের হার ঋঁকি মোকাবেলা করা হয়। তাছাড়া অ্যাসেট লায়াবিলিটি কমিটি নিয়মিত ব্যাংকের আয়ের উপর পরিবর্তিত সুদ/লাভের হারের প্রভাব পর্যালোচনা করে এবং যৌক্তিক আয় নিশ্চিত করে।

#### বাজার ঋঁকি

গুণগত মান ও সন্তোষজনক রেটিং এই দুইটি বিষয়ের উপর নির্ভর করেই ব্যাংক বিনিয়োগযোগ্য সম্পদ নির্বাচন করে থাকে। বর্তমান বাজারমূল্য, সম্পদমূল্য, আয় প্রভৃতি মৌলিক বিষয়গুলো বিবেচনায় এনে ব্যাংক মার্কেট ঋঁকি নিয়ন্ত্রণ করে।

#### কার্যক্রম উদ্ভূত ঋঁকি

এটি মূলত অপারেশনাল রিস্ক হিসেবে সমাধিক পরিচিত। এই ধরনের ঋঁকি প্রতারণা, জালিয়াতি, অনধিকার চর্চা, ত্রুটি-বিচ্যুতি, সিস্টেম ফেইলার এবং নানা রকম বাহ্যিক কারণের সাথে সম্পর্কযুক্ত। প্রিমিয়ার ব্যাংক এই ঋঁকিগুলো মোকাবেলা করে বিভিন্ন লিখিত প্রণালী, নিয়মিত প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ অপারেশনাল ঋঁকি যাচাই এবং তা নিয়ন্ত্রণ করে থাকে। ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট (DCFCL), ত্রৈমাসিক কার্য বিবরণী, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট, প্রভৃতিকে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঋঁকি মোকাবেলায় সুনিপুণভাবে প্রস্তুত করা হয়। ব্যাংকের কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে পরিচালনার লক্ষ্যে আমরা একটি বিকল্প তথ্য কেন্দ্র স্থাপন করেছি যা জরুরী মুহূর্তে বিকল্প হিসেবে পূর্ণ সমর্থন দিতে সক্ষম।

#### বৈদেশিক মুদ্রা ঋঁকি

ট্রেজারির মূখ্য ব্যাংকিং কার্যক্রমের একটি প্রধান দায়িত্ব হল বৈদেশিক মুদ্রা ঋঁকি নিয়ন্ত্রণ করা। ব্যাংকের বৈদেশিক মুদ্রা ঋঁকি মুদ্রা বাজার মূল্যের উঠানামার কারণে সম্ভাব্য আয়ের মূল্যমানের পরিবর্তনকে নির্দেশ করে। আমাদের ট্রেজারি বিভাগ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনকে গভীর বিশ্লেষণ করে থাকে। ট্রেজারি কর্মকর্তাগণ স্বাধীনভাবে নির্দিষ্ট সীমারেখার মধ্যে বৈদেশিক মুদ্রার লেনদেন



পরিচালিত করে। প্রত্যেক মাসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত মার্ক-টু-মার্কেট রেট অনুসারে সকল বৈদেশিক মুদ্রা লেনদেন পুনর্মূল্যায়ন বা সমন্বয় করা হয়। ব্যাংক কঠোরভাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বৈদেশিক মুদ্রার ধারণ সীমা নিয়ন্ত্রণ করে। নির্দিষ্ট সময়ের ব্যবধানে ট্রেজারি ম্যানুয়াল নীরক্ষণ ও হালনাগাদ করা হয়। মাসিক ভিত্তিতে সকল নস্ট্র হিসাব সমন্বয় করা হয় এবং ৩০ দিনের বেশি অসমন্বিত স্থিতি দ্রুত নিষ্পত্তির জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হয়। বহিঃনিরীক্ষক দ্বারা আমাদের নস্ট্র হিসাব সমূহ যাচাই করা হয় এবং বাংলাদেশ ব্যাংকে এ ব্যাপারে রিপোর্ট করা হয়।

## মানি লন্ডারিং প্রতিরোধ

মানি লন্ডারিং প্রতিরোধকে প্রিমিয়ার ব্যাংক আইনি বাধ্যবাধকতার পাশাপাশি মূল ব্যবসায়িক মূল্যবোধ হিসেবে বিবেচনা করে। পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সংঘবদ্ধ অবস্থান মানি লন্ডারিং প্রতিরোধে আমাদের অঙ্গীকারকে সুদৃঢ় করেছে। প্রতি বছর ব্যবস্থাপনার উচ্চ মহল থেকে বিভিন্ন মেমো, সার্কুলার এবং বার্তার মাধ্যমে ব্যাংকের সর্বস্তরে মানি লন্ডারিং এর গুরুত্বকে প্রচার করা হয়। আমাদের এন্টি মানি লন্ডারিং কর্মকাণ্ড পর্যবেক্ষণ করার জন্য রয়েছে স্বয়ংসম্পূর্ণ কেন্দ্রীয় প্রতিপালন বিভাগ। মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে কড়া নজরদারীতে রাখতে নিবেদিতপ্রাণ নির্বাহী গ্রুপ গড়ে তোলা হয়েছে। ব্যাংক কর্মকর্তাদের মানি লন্ডারিং ইস্যুতে সচেতন করতে সর্বদা প্রশিক্ষণ ও ওয়ার্কশপের ব্যবস্থা করা হয়। ব্যাংক মানি লন্ডারিং প্রতিরোধ আন্দোলনকে ইলেক্ট্রনিক মাধ্যমেও প্রচার করেছে।

মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে জোরদার করতে ব্যাংক ইতিমধ্যে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করেছে-

১. নিয়মিত প্রশিক্ষণ ও ওয়ার্কশপের আয়োজন করা
২. সন্দেহজনক লেনদেনগুলোকে সর্বদা পর্যবেক্ষণ করা
৩. প্রতিটি গ্রাহকের কেওয়াইসি (Know Your Customer) নবায়ন ও পরিপূর্ণ করা
৪. বিভিন্ন শাখা থেকে নগদ ও সন্দেহজনক লেনদেনে রিপোর্ট নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহ করে পর্যবেক্ষণ করা

## ব্যাংক ২

ব্যাংকিং কার্যক্রম তদারকির জন্য ব্যাংক-২ বর্ণিত নীতিমালা তিনটি মূল ভিত্তির উপর প্রতিষ্ঠিত- (ক) ন্যূনতম মূলধন পর্যাণ্ডতা (যা ক্রেডিট রিস্ক, অপারেশন রিস্ক এবং মার্কেট রিস্ক এর ভিত্তিতে নির্ধারিত) (খ) নজরদারিত্ব পর্যালোচনা এবং (গ) বাজার শৃঙ্খলা। ব্যাংক-২ কাঠামোর বাস্তবায়ন ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা ও মূলধন পর্যাণ্ডতার ক্ষেত্রে একটি সম্ভাবনাময় ভবিষ্যতের ইঙ্গিত বহন করে।

ব্যাংক-২ প্রস্তাবকে সামনে রেখে মূলধন পর্যাণ্ডতার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশোধিত নীতিমালা বিভিন্ন স্তরের ঝুঁকি

এবং ব্যালেন্স শীট ও ব্যালেন্স শীট বহির্ভূত লেনদেনকে বিবেচনা করে থাকে। এটিকে কার্যকর করতে ব্যাংকের মূলধনকে তিনটি প্রধান টিয়ার বা শ্রেণীতে বিভক্ত করা হয়েছে। টিয়ার-১ কে সংজ্ঞায়িত করা হয়েছে কোর ক্যাপিটাল হিসেবে, টিয়ার-২ কে সাপ্লিমেন্টারী ক্যাপিটাল হিসেবে এবং টিয়ার-৩ কে অতিরিক্ত সাপ্লিমেন্টারী ক্যাপিটাল হিসেবে। ব্যাংক-২ বাস্তবায়নের পথে মেম্বার ব্যাংকসমূহের প্রস্তুতিকে সামনে রেখে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ঝুঁকিভিত্তিক সম্পদ ও মূলধনের অনুপাত জুলাই, ২০১১ হতে ১০ শতাংশ হারে সংরক্ষণ করা হচ্ছে।

বৈশ্বিক মানদণ্ড এবং বাংলাদেশ ব্যাংকের গৃহীত নীতিমালা অনুসারে প্রিমিয়ার ব্যাংক বিশ্ব বাজারে সম্পৃক্ত হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। ব্যাংক ব্যাংক-২ এর পরিণতি সম্পর্কে অত্যন্ত সচেতন এবং তদানুযায়ী একটি সার্বজনীন প্রস্তুতির অঙ্গ হিসেবে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে বেশ কিছু সংখ্যক ব্যাংক প্রতিনিধির জন্য বিআইবিএম, বিদেশী ব্যাংক এবং দেশে ও বিদেশের অনেক খ্যাতনামা প্রশিক্ষণ কেন্দ্রে বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রায় সকল ব্যবসায়িক কর্মকাণ্ডে বিভিন্ন ঝুঁকি ব্যবস্থাপনার প্রবর্তন করা হয়েছে। অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে ব্যাংকের সকল কার্যক্রম পরিচালনা করতে একটি সক্ষম আইটি প্ল্যাটফর্ম বাস্তবায়ন করতে যাচ্ছে প্রিমিয়ার ব্যাংক। ব্যাংকের সুশাসনের সাথে সম্পৃক্ত করা হয়েছে পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি এবং ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির শক্ত নজরদারী। মূলধন পর্যাণ্ডতার উন্নয়ন ঘটাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যাতে ঝুঁকি, পরিচালনা ঝুঁকি ও বাজার ঝুঁকি বাংলাদেশ ব্যাংকের নির্দিষ্ট সময় সীমার মধ্যে মোকাবেলা করা সম্ভব হয়। ব্যাংক-২ নীতিমালার আওতায় কেন্দ্রীয় ব্যাংকের আরও বেশ কিছু পদক্ষেপকে ধারাবাহিকভাবে বাস্তবায়ন করে চলেছে ব্যাংক। এর সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ :

১. নিয়মিতভাবে স্বীকৃত ক্রেডিট রেটিং এজেন্সি কর্তৃক ক্রেডিট রেটিং সম্পন্ন করা হচ্ছে। ক্যামেল (CAMEL) রেটিং এর আধুনিক সংস্করণ ক্যামেলস (CAMELS) সঠিকভাবে অনুসরণ করা হচ্ছে।
২. ব্যাংকের প্রতিটি শাখায় যথাযথভাবে কেওয়াইসি (Know Your Customer) প্রোফাইল সংগ্রহ ও সংরক্ষণ করা হয়।
৩. মানি লন্ডারিং প্রতিরোধকল্পে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংককে পুরোপুরি সহযোগিতা করে থাকে।
৪. সন্দেহজনক লেনদেন (যেমন- সিটিআর, এসটিআর) রিপোর্টিং সৃষ্টিভাবে সম্পন্ন করা হয়।
৫. অভিজ্ঞ ও দক্ষ সুপারভাইজরি টিম গঠন করা হয়েছে।
৬. ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ডে রিস্ক অ্যানালাইসিস অনুশীলন করা হয়ে থাকে। তদানুযায়ী কোর রিস্ক ব্যবস্থাপনা (CRM) এর কাঠামো বিন্যাস, গাইড লাইনস্ ও রেগুলেশনস্ যথাযথভাবে পরিপালন করা হয়।

## ক্রেডিট রেটিং প্রতিবেদন

ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিমিটেড (এনসিআর) ২০১৩ সালের ডিসেম্বর পর্যন্ত আর্থিক অবস্থান এবং অন্যান্য সংশ্লিষ্ট পরিমাণগত এবং গুণগত বিষয়ের ভিত্তিতে প্রিমিয়ার ব্যাংক লিমিটেডকে দীর্ঘ মেয়াদে “এএ (ডাবল এ)” এবং স্বল্প মেয়াদে “এসটি-১” রেটিং প্রদান করেছে। ২০১৪ সালের ব্যাংকের ক্রেডিট রেটিং এনসিআর কর্তৃক রেটিং প্রক্রিয়া শেষ হবার সাথে সাথেই শেয়ারহোল্ডারদের জানানো হবে।

## বহিঃনিরীক্ষক নিয়োগ

পঞ্চদশ বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারকর্তৃক যৌথভাবে মেসার্স সাইফুল শামসুল আলম এন্ড কোং এবং মেসার্স কে, এম, হাসান, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট -কে ২০১৪ সালে ব্যাংকের বহিঃনিরীক্ষক হিসেবে দায়িত্ব পালনের জন্য নিয়োগ করা হয়। ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারকর্তৃক পরবর্তী বছরের জন্য নতুন নিরীক্ষক নিয়োগ করা হবে।

## পরিচালক নির্বাচন

আগামী ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভায় ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, কোম্পানী আইন, ১৯৯৪ এবং ব্যাংকের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশন অনুযায়ী পরিচালকগণের অবসর/নির্বাচন/পুনঃনির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে।

## সভা

২০১৪ সালে ব্যাংকের পরিচালনা পর্ষদের ২০টি সভা অনুষ্ঠিত হয়। কার্যনির্বাহী কমিটির সভা হয় ৪৪টি আর অডিট কমিটি উক্ত বছরে ২০টি সভায় মিলিত হন। অন্যদিকে শরীয়াহ সুপারভাইজরী কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির যথাক্রমে ৪টি ও ১টি সভা অনুষ্ঠিত হয়।

## লভ্যাংশ

ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০১৪ ইং অর্থবছরের উপর ১০ শতাংশ লভ্যাংশ (বোনাস শেয়ার) সুপারিশ করেছে যা আগামী ১৬ জুন, ২০১৫ ইং তারিখে অনুষ্ঠিতব্য ব্যাংকের ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

## ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভা

ব্যাংকের ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভা আগামী ১৬ জুন, ২০১৫ ইং তারিখে বসুন্ধরা কনভেনশন সেন্টার- ২, উম্মে কুলসুম সড়ক, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯ এ বেলা ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং আর্থিক হিসাবপত্র ব্যাংকের ৩০ এপ্রিল ২০১৫ এ অনুষ্ঠিত ১৩৭তম পর্ষদ সভায় শেয়ারহোল্ডারদের সমীপে পেশ করার জন্য অনুমোদিত হয়।

## ধন্যবাদ ও কৃতজ্ঞতাজ্ঞাপন

ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যাংকের সকল শেয়ারহোল্ডার, শ্রদ্ধেয় গ্রাহক, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে যাঁরা সর্বাত্মক সহযোগিতার মাধ্যমে প্রিমিয়ার ব্যাংককে একটি অন্যতম ব্যাংক হিসেবে গড়ে তুলতে প্রধান ভূমিকা পালন করেছেন। আমরা তেমনি কৃতজ্ঞতা পাশে আবদ্ধ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন সহ অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা এবং আর্থিক প্রতিষ্ঠানের প্রতি তাঁদের মূল্যবান উপদেশ ও পরামর্শের জন্য। পরিশেষে পরিচালনা পর্ষদ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও প্রশংসা জ্ঞাপন করছে। তাঁদের মেধা, অক্লান্ত পরিশ্রম আর গভীর অনুরক্তি ছাড়া প্রিমিয়ার ব্যাংক আজকের অবস্থানে আসতে পারতো না।

আপনাদের সকলের এই ভালোবাসা, দায়িত্বশীলতা এবং সহযোগিতা ভবিষ্যতে প্রিমিয়ার ব্যাংককে এক নতুন উচ্চতায় পৌঁছে দিবে বলে আমি আশা করি।

পরিচালনা পর্ষদের পক্ষে

ডাঃ এইচ, বি, এম, ইকবাল  
চেয়ারম্যান  
দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড